

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 30-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

P.M Modi on Agriculture:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে একটি উন্নত দেশে পরিনত করার ক্ষেত্রে কৃষি খাতের উন্নয়নের গুরুত্বের কথা তুলে ধরেছেন। তিনি বলেছেন, কৃষি ক্ষেত্রের উন্নয়ন ভারতের উন্নত রাষ্ট্রে পরিণতির জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। প্রধানমন্ত্রী ওড়িশায় বিকশিত কৃষি সংকল্প অভিযানের উদ্বোধন করে, সামাজিক মাধ্যমে এক ভিডিও বার্তায় একথা জানান। প্রধানমন্ত্রী বলেন যে, কেন্দ্রীয় সরকার কৃষকদের উৎপাদিত সামগ্রীর স্মৃষ্টি মূল্য নিশ্চিত করা এবং কৃষি অর্থনীতিকে শক্তিশালী করার মতো কৃষি সম্পর্কিত সমস্যাগুলো নিয়ে কাজ করছে।

Vikshit Krishi Sankalp Abhiyan-CM :

সারা দেশের সঙ্গে গতকাল থেকে রাজ্যেও শুরু হয়েছে বিকশিত কৃষি সংকল্প অভিযান। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ শচীন দেব বর্মন স্মৃতি কলাক্ষেত্রে রাজ্যভিত্তিক এই অভিযানের সূচনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, কৃষকদের আয় বৃদ্ধি করার জন্য বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে রাজ্য সরকার। ২০১৫-১৬ অর্থ বছরের তুলনায় কৃষকদের আয় এখন অনেক বৃদ্ধি পেয়েছে। উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে খাদ্য স্বনির্ভরতা অর্জনের লক্ষ্য নেওয়া হয়েছে। সারা রাজ্যে ২৪টি কৃষিরথ, জেলা ও মহকুমাগুলিতে পরিক্রমা করবে। এই অভিযান চলবে আগামী ১২ই জুন পর্যন্ত।

Vikshit Krishi Sangkalpa Avijan-Gomoti :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় কাকড়াবনের পূর্ব পালাটানা গ্রাম পঞ্চায়েতে এক অনুষ্ঠানে গোমতি জেলাভিত্তিক বিকশিত কৃষি সংকল্প অভিযান কর্মসূচির সূচনা করেন। উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

Vikshit Krishi Sangkalpa Avijan-Unakoti, South :

ক্রীড়ামন্ত্রী টিংকু রায় গতকাল কৈলাশহরের শ্রীরামপুর সূর্যমণি স্মৃতি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে "বিকশিত কৃষি সংকল্প অভিযান" কর্মসূচিতে অংশ নেন।

সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া দক্ষিণ জেলার জোলাইবাড়ি ব্লকের দেবদারুতে ও সাক্ষরের কলাছড়ায় বিকশিত কৃষি সংকল্প অভিযানের সূচনা করেন।

Vikshit Krishi Sangkalpa Avijan-Dhalai :

বিধায়ক স্বপ্না দাস পাল ধলাই জেলার সালেমা কমিউনিটি হলে পঞ্চকাল ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযানের সূচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জেলার জিলা পরিষদের সহ সভাপতি অনাদি সরকার, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বীনা রানী বিশ্বাস প্রমুখ।

Defence Minister:

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং অপারেশন সিঁদুরে ভারতীয় মহিলাদের সক্রিয় অংশ গ্রহনের জন্য মহিলাদের প্রশংসা করেছেন। প্রতিরক্ষামন্ত্রী গোয়ায়

নাভিকা সাগর পরিক্রমার দ্বিতীয় পর্বে INSV তরিণীর পতাকা উত্তোলন অনুষ্ঠানে কথা বলেন। তিনি বলেন মহিলা পাইলটরা অপারেশন সিঁদুরে বিমানবাহিনীর হামলায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি বলেন.....

#####Byte Rajnath Singh#####

Convocation-University :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিড নাল্লু বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। জাতীয় শিক্ষানীতিরও প্রশংসা করেন তিনি।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য সরকার মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়কে সার্বিকভাবে গুণমানসম্পন্ন একটি উন্নত বিশ্ববিদ্যালয় হিসাবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। এক্ষেত্রে সুদূরপ্রসারি পরিকল্পনা নিয়ে এগোচ্ছে সরকার। শিক্ষার্থীদের ক্যারিয়ারের সুযোগ আরও প্রসারিত করতে এমবিবি বিশ্ববিদ্যালয়ে বিবিএ, এমবিএ, বি.সিএ, এম.সি.এ, বি.এস.সি এবং বায়োটেকনোলজিতে এম.এস.সি কোর্স চালু করার পরিকল্পনার কথাও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। সমাবর্তন উৎসবে ১৩৫ জন কৃতীকে একাডেমিক শ্রেষ্ঠত্বের জন্য পদক দিয়ে সম্মানিত করা হয়।

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের বছর বাঁচাও পরীক্ষা আগামী ৩০শে জুন থেকে শুরু হবে। পর্ষদের এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার পুনঃমূল্যায়নের

ফলাফল আজ দুপুর ২টায় প্রকাশ করা হবে। পর্ষদ সচিব দুলাল দে গতকাল এখবর জানিয়েছেন।

Police Transfer:

সিপাহীজলা জেলায় রাজ্য পুলিশের নিচু তলায় বিভিন্ন পদে ২৯ জন পুলিশ কর্মীকে গতকাল এক আদেশে বদলি করা হয়েছে। এদের মধ্যে ৯ জন সাব ইন্সপেক্টর, দুইজন হাবিলদার এবং বাকিরা পুলিশ কনস্টেবল পদভুক্ত। তাদের উত্তর জেলার বিভিন্ন থানা ও পুলিশ দপ্তরে এলাকায় বদলি করা হয়েছে।

Weather:

বঙ্গোপসাগরের উত্তরে সৃষ্ট গভীর নিম্নচাপের প্রভাবে রাজ্য জুড়ে বৃষ্টি হচ্ছে। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, নিম্নচাপের প্রভাবে আজও আকাশ প্রধানত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হবে। গতকাল সকাল থেকে আজ সকাল পর্যন্ত আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৭০.২ মিলিমিটার। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি।
